

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৯৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَلْحَظُ فِي الْصَّلَةِ يَمِينًا وَشِمَالًا وَلَا يَلْوِي عُنُقَهُ خَلْفَ ظَهْرِهِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ

বাংলা

৯৯৮-[২১] ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের মাঝে ডানদিকে বামদিকে লক্ষ্য করতেন, পেছনের দিকে গর্দান ঘুরাতেন না। (তিরমিযী, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ৫৮৭, সহীহ আল জামি' ৫০১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (المَكِمَّ الْكِمَا الْكَمَا اللَّهِ الْكَمَا اللَّهِ الْكَمَا اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ الْكَمَا اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهُ الللِهُ اللَّهُ اللْمُعَالِمُ اللَّهُ اللَّهُ ال

আমি (মুবারকপূরী) বলছিঃ ইবনু 'আব্বাস (রাঃ)-এর বর্ণিত হাদীসে উল্লিখিত দৃষ্টিপাত বলতে চোখের কিনারা দিয়ে ডান বা বাম দিকের মুক্তাদীগণের অবস্থা পর্যবেক্ষণ অথবা অন্য কোন কল্যাণের উদ্দেশে ছিল। আর এ ধরনের দৃষ্টিপাত ফর্য সালাতে হলেও তা সকলের নিকটই বৈধ যদিও তা উত্তমের বিপরীত। ক্বিবলার দিক হতে বক্ষ না



ঘুরিয়ে বিনা প্রয়োজনে শুধুমাত্র মাথা অথবা মুখমন্ডল ঘুরিয়ে দৃষ্টিপাত করা সকলের নিকটেই মাকরহ। আর আহলে যাহিরদের নিকট তা হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন